

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ ইং

এস, আর, ও নং ১৯০-আইন/২০০৩/৩৮৬-মসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর বিলুপ্ত উপ-বিধি (১৩) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (১৩ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(১৩ক) তালিকাভুক্ত ব্যক্তি সুপারিনটেনডেন্ট কর্তৃক নির্ধারিত বার্ষিক টার্নওভার কর উপ-বিধি (৪) বা উপ-বিধি (৫) এ বর্ণিত পদ্ধতিতে পরিশোধে ব্যর্থ হইলে সুপারিনটেনডেন্ট তাহার উপর সর্বোচ্চ পাঁচ হাজার টাকা অর্থদণ্ডসহ, অনাদায়ী পরিমাণের উপর মাসিক দুই শতাংশ হারে অতিরিক্ত কর আরোপ করিতে পারিবেন।”;

(খ) বিধি ৩৪ক এর সর্বত্র “টিআর-৪১” শব্দগুলি, চিহ্ন এবং সংখ্যার পরিবর্তে “টিআর-৩১” শব্দগুলি, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) ফরম “মসক-১৯” এর অফিসে ব্যবহারের জন্য অংশে “পরিদর্শক” শব্দের পরিবর্তে “ইন্সপেক্টর” শব্দ প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আব্দুল কাফী

প্রথম সচিব

(মসক ও নীতি ও বাজেট)।

(৮৪৬৯)

মূল্যঃ টাকা ২.০০